উপজেলা পরিষদ

বালিয়াকান্দি, রাজবাড়ী

বালিয়াকান্দি উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২৩ (৫১তম) মাসের সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব মোঃ আবুল কালাম আজাদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী

সভার তারিখ: ০৯ ফেব্রুয়ারি, ২০২৩, সময়: সকাল ১১.৩০ ঘটিকা

সভার স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ, বালিয়াকান্দি

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট "ক"

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট "খ"

সভার প্রারম্ভে সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ জনাব মোঃ আবুল কালাম আজাদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর উপজেলা নির্বাহী অফিসারকে এজেন্ডাভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ করেন।

অত:পর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম শুরু করেন।

| নং | বিভাগ/দপ্তর | আলোচ্য বিষয়/ আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:<br>বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। | বিগত সভার কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | স্থানীয় সংসদ সদস্যের সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:<br>মাননীয় সংসদ সদস্যের সুপারিশক্রমে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন চলমান রয়েছে। | কার্যক্রম চলমান | সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল) |
| | | নতুন পরিপত্র, বিধি ও সার্কুলার উপস্থাপন:<br>চলতি মাসে উপস্থাপনযোগ্য কোন নতুন পরিপত্র, বিধি ও সার্কুলার নাই। | | সংশ্লিষ্ট সংস্থা প্রধান |
| | | **রাজস্ব, উন্নয়ন তহবিল, এডিপি, উপজেলা পরিচালন ও উন্নয়ন এবং হাট-বাজার ১৫% খাতে ব্যয়ের হিসাব:**<br>**(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিল সমন্বয়ের তালিকা: (ডিসে:/২২- জানু:/২৩):**<br>- উপজেলা পরিষদের জীপগাড়ীর যন্ত্রাংশ পরিবর্তন বিল-৮,৬৫০/- টাকা<br>-উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৩ মাসের আপ্যায়ন বিল বাবদ-৩০,০০০/- টাকা<br>-উপজেলা পরিষদের ডিসে:/২০২২ মাসের ইন্টারনেট বিল পরিশোধ-৩,৪০০/- টাকা<br>- উপজেলা পরিষদের ডিসে:/২০২২ মাসের আনুষংগিক বিল পরিশোধ-৫,০০০/- টাকা<br>- ভাইস চেয়ারম্যানের জানুয়ারি/২০২৩ মাসের সম্মানীভাতা পরিশোধ-২৭,০০০/-টাকা<br>-মহিলা ভাইস চেয়ারম্যানের জানুয়ারি/২০২৩ মাসের সম্মানীভাতা পরিশোধ -২৭,০০০/-টাকা<br>-মালীর জানুয়ারি/২০২৩ মাসের মজুরী বাবদ- ১৪,৮৫০/- টাকা<br>-পরিচ্ছন্নকর্মীর জানুয়ারি/২০২৩ মাসের মজুরী বাবদ- ১৪,৮৫০/- টাকা<br>**(খ) উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে ব্যয়কৃত অর্থ সমন্বয়ের তালিকা (ডিসে:/২২):**<br>- হাট-বাজারের ১০% সংক্রান্ত উন্নয়ন তহবিল হতে বালিয়াকান্দি বাজারে আরসিসি রাস্তা নির্মাণ বাবদ বিল পরিশোধ -৯,৯০,৯০০/- টাকা<br>**(গ) উপজেলা পরিষদের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে পরিশোধকৃত বিল সমন্বয়ের তালিকা ( ডিসে:/২২-জানু:/২৩):**<br>- বেকার যুবকদের ইলেকট্রিক্যাল হাউজওয়ারিং ও পানির লাইন মেরামত প্রশিক্ষণের চূড়ান্ত বিল-৪২,০৫৫/- টাকা<br>-রামদিয়া শীতলদা রাস্তার মালেক মৌলভীর বাড়ীর সামনের খালে কালভার্ট নির্মাণ কাজের চূড়ান্ত বিল পরিশোধ- ৯,১৫,৭৭১/- টাকা<br>**(ঘ) উপজেলা পরিষদের এডিপি তহবিল হতে ব্যয়কৃত অর্থ সমন্বয়ের তালিকা ( ডিসে:/২২):**<br>- সোনাপুর কড়ইতলা হতে কামারদাহ সামছুর বাড়ী পর্যন্ত অসমাপ্ত অংশ ফ্লাট সলিং দ্বারা পাকাকরণ কাজের ১ম ও চূড়ান্ত বিল পরিশোধ -২,০০,০০০/- টাকা<br>-গোবিন্দপুর পাকার ইউসুফ শেখের বাড়ীর নিকট থেকে আক্তার গাছির বাড়ী পর্যন্ত রাস্তা ফ্লাট সলিং দ্বারা পাকাকরণ কাজের ১ম ও চূড়ান্ত বিল-২,০০,০০০/- টাকা<br>**(ঙ) হাট-বাজার ইজারাকৃত আয়ের ১৫% হতে পরিশোধকৃত বিলসমূহ সমন্বয়ের তালিকা (ডিসে:/২২-জানু:/২৩):**<br>- জামালপুর মাছ বাজারে সিসি ঢালাইয়ের মাধ্যমে প্লাটফর্ম নির্মাণ কাজের ১ম ও চূড়ান্ত বিল পরিশোধ-৭,২৬,৮৭২/- টাকা | | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতেই উপজেলা পরিষদের সমন্বয় সভার সম্মানিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে বক্তব্য উপস্থাপন করেন। তিনি জানান যে, নিজ কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রমসহ বিভিন্ন দিবস উদযাপন, নিয়মিত সকল সভা এবং অন্যান্য পরিদর্শন/দর্শন কাজ যথারীতি চলমান রয়েছে। এ পর্যায়ে তিনি দপ্তরভিত্তিক পৃথক পৃথকভাবে বিস্তারিত আলোচনার মাধ্যমে প্রত্যেকটি বিভাগের অনুকুলে গত সভার গৃহীত সিদ্ধান্ত এবং বিভিন্ন সমস্যাদির উপর আলোকপাত করেন।<br>২) এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে,উপজেলা পরিষদের এপ্রিল/২০২২ মাসের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের পুরাতন (১৯৮৪ সালে বরাদ্দকৃত) জীপগাড়ী পরিত্যাক্ত/অকেজো ঘোষণার নিমিত্তে সংশ্লিষ্ট তথ্যাদিপূরণ পূর্বক বিআরটিএ, রাজবাড়ী বরাবর গত ২৪/০৪/২০২২ খ্রি. তারিখে মূল্য নির্ধারণ প্রতিবেদন প্রদানের জন্য পত্র প্রেরণ করা হলে বিআরটিএ, রাজবাড়ী হতে সরেজমিনে পরিদর্শনপূর্বক ০৭/০২/২০২৩ খ্রি. তারিখের ৩৫.০৩. ৮২০০.০১.০০.০০৬. ২০২৩-১৫২ নং স্মারক মূলে পরিদর্শন প্রতিবেদন দাখিল করেছেন। আলোচ্য পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় গাড়ীটি দীর্ঘ দিন ব্যবহার করায় ঘন ঘন মেরামতের ফলে ইঞ্জিন ও অন্যান্য মূল যন্ত্রাংশ অচল হয়ে পড়েছে । এছাড়া বেশ কয়েক বছর যাবৎ পড়ে থাকায় অধিকাংশ যন্ত্রাংশ ক্ষয়প্রাপ্ত হয়ে যাওয়ার কারণে পুণরায় মেরামতের পরিবর্তে অকেজো ঘোষণার জন্য পরামর্শ প্রদান করেছেন। মোটরযানটির সংরক্ষিত আনুমানিক মূল্য ৪০,৭৬০/- (চল্লিশ হাজার সাতশত ষাট) টাকা নির্ধারণ করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১।বিভাগওয়ারী গৃহীত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে বাস্তবায়নের জন্য সকল বিভাগের প্রধানকে অনুরোধ করা হয় ।<br>২) আলোচনান্তে জীপগাড়ীটি অকেজো ঘোষণার নিমিত্তে জেলা কনডেমনেশন কমিটি বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি ডা: সজল কুমার সোম জানান যে, উপজেলা হাসপাতালের স্বাভাবিক কার্যক্রম ও সেবা সুষ্ঠু এবং সুচারুরুপে পরিচালিত হচ্ছে। প্রসূতি মায়েদের আল্ট্রসনোগ্রাম ও প্রয়োজনীয় চেক আপের মাধ্্যমে চিকিৎসাসেবা প্রদান ও নরমাল ডেলিভারিতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নিরলসভাবে কাজ করে যাচ্ছে। গত০৫/০২/২০২৩ তারিখ হতে সিজারিয়ান সেকশন অপারেশন শুরু হয়েছে। প্রতি সোমবার এই অপারেশন পরিচালিত হবে। এ বছর ৬টি জেলায় নিপাহ রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। যার মধ্যে রাজবাড়ী জেলা অন্যতম। এমতাবস্থায় নিপাহ রোগ বিস্তার রোধে "সংক্রামক রোগ(প্রেতিরোঘে, নিয়ান্ত্রণ ও নির্মূল) আইন ২০১৮" মোতাবেক জনপ্রতিনিধি, স্থানীয় প্রশাসন, আইন প্রয়োগকারী সংস্থা, গণমাধ্যমকর্মীসহ উপজেলা পইরষদ ও উপজেলা প্রশাসনের সমন্বয়ে কাঁচা খেজুরেরর রস ও পাখিতে খাওয়া আংশিক ফল বিক্রয় না করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দৃষ্টি আকর্ষণ করছি। এ কমপ্লেক্সে ব্যাপক সংখ্যক বিষ খাওয়া রোগী ভর্তি হয়ে স্বাস্থ্য সেবা নিয়ে থাকে। এটা মানসিক স্বাস্থ্যের সাথে জড়িত তাই মানসিক স্বাস্থ্যের বিকাশ ও সংক্রামক রোগ প্রতিরোধ ও ডায়াবেটিস-হাইপারটেনশন নিরাময়ে স্বাসথ্য শিক্ষা নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একটি লাইব্রেরী স্থাপনের জন্য উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন। | চিকিৎসাসেবার মান উন্নত রাখার স্বার্থে সংশ্লিষ্ট সকল পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিঃপরিঃ কর্মকর্তা উপজেলা স্বাস্থ্য ও পরিঃপরিঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিঃপরিঃ কর্মকর্তা |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, আগামী ২৫ ফেব্রুয়ারি অথবা ৪ মার্চ থেকে প্রাণিসম্পদ সেবা সপ্তাহ শুরু । এই উপলক্ষে সার্বিক সহযোগিতা কামনা করেন। গবাদিপশুর খামার, ফিডমিল, পশুখাদ্য বিক্রেতা ও কসাইদের প্রাণিসম্পদ এর নিবন্ধন করার বিধান আছে। এই লক্ষ্যে ইউপি চেয়ারম্যানদের সার্বিক সহযোগিতার জানান আবেদন জানান। প্রসঙ্গক্রমে খামারীদের জন্য ঘাসকাটার মেশিন এর জন্য উপজেলা পরিষদ বরাবর আবেদন জানানো হয়েছে মর্মে উল্লেখ করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | গবাদিপশুর খামার, ফিডমিল, পশুখাদ্য বিক্রেতা ও কসাইদের প্রাণিসম্পদ নিবন্ধন এর আওতায় আনার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৫ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা জানান যে, সার ও কীটনাশকের দোকান কঠোরভাবে মনিটরিং করা হচ্ছে। ভেজাল সার প্রতিরোধে উপজেলার বিভিন্ন বাজারের প্রায় ১০টি দোকানে প্রশাসনের সহায়তায় ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হয়েছে।<br>প্রধানমন্ত্রীন নির্দেশনা অনুযায়ী যাতে এক ইঞ্চি জমিও অনাবাদি না থাকে সেই লক্ষ্যে আমরা কাজ করছি। কৃষকদের মধ্যে এই সচেতনা বৃদ্ধি করতে | অনাবাদি জমি চাষের আওতায় আনয়নের সার্বিক প্রক্রিয়া গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আমাদের উপজেলায় প্রায় ২৬২টি অনাবাদি পুষ্টি বাগান বাস্তবায়ন করা হচ্ছে। তেল ও মসলা জাতীয় ফসলের বিভিন্ন প্রকল্পের প্রর্দশনী বাস্তবায়ন করা হয়েছে। ফলে তেল জাতীয় ফসলের আবাদের লক্ষ্যমাত্রা ছাড়িয়ে গেছে। এরফলে তেল আমদানি নির্ভরতা কমে যাবে। এছাড়া কৃষি ভিত্তিক অন্যান্য কার্যক্রমসহ বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে। | | |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, জেলেদের নিবন্ধন তালিকা সংশোধন করা হচ্ছে। বিশিষ করে উদ্ধর্তন দপ্তর থেকে প্রেরিত তালিকায় (ডুপ্লিকেট/ মৃত/ অন্যত্র চলে যাওয়াদের) বাদ দেয়া হয়েছে। মৎস্য খাদ্য বিক্রেতাদের লাইসেন্স/মৎস্য হ্যাচারীর লাইসেন্স নবায়ন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া কিছু বাজারে/আড়তে জাটকা দেখা যাচ্ছে। এদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া প্রয়োজন।<br>২। গড়াই নদীর তাড়াইল এলাকায় অবৈধ বাঁধের সংবাদে পরিদর্শন করা হয়। নদীর ওপারে অবস্থিত হওয়ায় সরাসরি কাউকে পাওঅয়া যায় নাই। স্থানীয় প্রতিনিধি(মৎস্য)কে বাড়ন করার জন্য বলা হয়েছে। অন্যথায় আইনগত ব্যবস্থা নেয়া হবে। পুকুর হাট-বাজার পরিদর্শনসহ পরামর্শ দেয়াসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | জাটকা নিধন ও বিক্রয়ে আইনগত ব্যবস্থা গ্রহণের পাশাপাশি মৎস্য খাদ্য/ মৎস্য হ্যাচারীর যারা লাইসেন্স বহির্ভুত আছে তাদেরকে লাইসেন্সের আওতায় আনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৭ | উপজেলা পরিঃপরিঃ বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর নিয়ে বিস্তারিত আলোচনা করা সম্ভব হলো না। | পর পর কয়েকটি সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা উপস্থিত না থাকার বিষয়ে কারণ দর্শানো সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, প্রাক প্রাথমিক শ্রেনীর বই ০২ দিন আগে বিতরণ করা হয়েছে । আপাতত কোন সমস্যা নাই । এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর পরিদর্শন কার্যক্রম বৃদ্ধি করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে পুনরায় অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা ও অফিসার ইনচার্জ, বালিয়াকান্দি |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, গত মাসে ০৪টি বিদ্যালয় ও মাদ্রাসা পরিদর্শন করা হয়েছে এবং শতভাগ বই বিতরণ সম্পন্ন হয়েছে। তিনি আরো জানান যে, ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় স্কুল এন্ড কলেজ পর্যায়ে পাশের হার ৭৯.৩৩%, কারিগরি কলেজ পর্যায়ে ৯৫.১৭% এবং মাদ্রাসা পর্যায়ে ৮৮.২৩%। বালিয়াকান্দি উপজেলায় এ বছর পাশের হার সন্তোষজনক নয় মর্মে সভায় আলোচনা করা হয়। হাবাসপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্ত কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। প্রসংগক্রমে আরো জানান যে, ০২টি শিক্ষা প্রতিষ্ঠানের নিয়োগ কার্যক্রম স্থগিত করা হয়। প্রসংগক্রমে শিক্ষা সফরের পূর্ব অনুমতির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে পাশের হার ভাল হয়নি তাদের নোটিশ করে প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদানের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০ | উপজেলা প্রকৌশলী বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি উপ-সহকারী প্রকৌশলী জনাব জহরুল ইসলাম জানান চলতি অর্থ বছরে শাস্রয়ের জন্য সরকারের নির্দেশনা রয়েছে । সে অনুযায় কৃচ্ছতা সাধনের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের কার্যক্রম এ উপজেলায় সকলের সহযোগিতায় সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। অত:পর তিনি জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি খাতে ১ম, ২য় ও ৩য় কিস্তিতে মোট ৪৬.৫০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। বরাদ্দপ্রাপ্ত এডিপি'র উক্ত অর্থ হতে চলতি সময় পর্যন্ত মোট ১০টি প্রকল্পের বিপরীতে ৩৩,৯৭,৭৯৫/- টাকা এবং উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে ৪১টি প্রকল্পের বিপরীতে ১,৬৩,২৬,৭৯৫/- টাকার বিল পরিশোধ করা হয়েছে। এছাড়া রাজস্ব তহবিল ও অন্যান্য খাত হতে গৃহীত প্রকল্পের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।<br>২। অত:পর তিনি নারুয়া হাট-বাজার প্রকল্পের আওতায় নারুয়া পাকা রাস্তা হতে ত্রাণের ব্রীজ পর্যন্ত রাস্তার বাকি অংশ ২০২২-২০২৩ অর্থ বছরের হাট-বাজার বিক্রয়লব্ধ বাংলা ১৪৩০ সনের ১০% অর্থ হতে উক্ত রাস্তার বাকি অংশ কোটেশনের মাধ্যমে সমাপ্ত করার বিষয়ে সভায় অনুমোদনের জন্য প্রস্তাব উপস্থাপন করেন। যার প্রাক্কলিত মূল্য ৯,১২,৫৮৪/- টাকা | ১। গৃহীত প্রকল্পগুলো নির্ধারিত সময়ের মধ্যে সঠিকভাবে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>২। নারুয়া পাকা রাস্তা হতে ত্রাণের ব্রীজ পর্যন্ত রাস্তার বাঁকি অংশ বাংলা ১৪৩০ সনের বিক্রয়লব্ধ হাট-বাজারের ১০% অর্থ হতে প্রকল্পটি কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, উপজেলার সকল ভাতার বরাদ্দের ৩য় কিস্তির পেরোল দেয়া হয়েছে। পল্লী সমাজসেবা ঋণের ১৬,৭৫,০০০/- টাকা বিনিয়োগ করা হয়েছে। এছাড়া ক্যান্সার, কিডনী লিভার সিরোসিস এর ২২ টি আবেদন জমা পরেছে। তন্মধ্যে ২০টি আবেদন সঠিকতা পাওয়ায় তা জেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। গত কিস্তিতে ৭টি চেক বিতরণ করা হয়েছে। বাকী ৬টি রোগী মৃত হওয়ায় তাদের নমিনী পুনরায় চেক পাওয়ার আবেদন করেছেন, তা জেলা কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। ভিক্ষুক পুনর্বাসনে ১৩,০০০+১৩,০০০=২৬,০০০/-টাকার দুটি চেক পাওয়া গিয়েছে। তা উপজেলা ভিক্ষুকের মধ্যে সভা সম্পন্ন করে বিতরণ করতে হবে। বাকী অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সাধারণ মানুষের সার্বিক সেবা প্রদানের লক্ষ্যে ভাতা সংশ্লিষ্ট কার্যক্রম স্বচ্ছতার সাথে সম্পন্নের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, জানুয়ারি/২০২৩ মাসে ঋণ বিতরণ ৯৫.০৭ লক্ষ, ঋণ আদায় ১১০.১৫ লক্ষ, শেয়ার আদায় ০.২৫ লক্ষ এবং সঞ্চয় আদায় ৭.৫০ লক্ষ টাকা। এছাড়া প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ঋণ বিতরণ ও আদায় ভালভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ঋণ বিতরণ-আদায় এর ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, অত্র কার্যালয়ের ভিডব্লিউবি ২০২৩-২০২৪ চক্রের ৪টি ইউনিয়নের নতুন চক্রের কার্ড ও জানুয়ারি/২৩ মাসের চাল বিতরণ সম্পন্ন হয়েছে এবং ফেব্রুয়ারি/২৩ মাসের ডিও দেয়া হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসুচির ৭টি ইউনিয়নে বরাদ্দানুযায়ী নতুন ভাতাভোগী যাচাই বাছাইয়ের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ভাতা বিতরণ এবং ডাটা এন্ট্রির কার্যক্রম নির্ভুলভাবে গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে পুনরায় অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বালিয়াকান্দি উপজেলায় সমবায় বিভাগের আওতায় ০১টি কেন্দ্রীয় সমিতি, সমবায় বিভাগীয় ৮৬টি প্রাথমিক সমিতি এবং কৃষি, মৎস্য ও প্রাণি সম্পদ বিভাগের আওতাভুক্ত ১০০টি প্রকল্পভুক্ত প্রাথমিক সমবায় সমিতি রয়েছে। যার বার্ষিক অডিট, পরিদর্শন, তদন্ত ও বিভিন্ন প্রকার প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এছাড়াও অত্র উপজেলায় আশ্রয়ণ প্রকল্পভুক্ত একটি সমবায় সমিতি রয়েছে। যেখানে সদস্যদের মধ্যে ২৭,৯০,০০০/- টাকা ক্রমপুঞ্জিভূত সরকারি ঋণ প্রদান করা হয়েছে। প্রসংগক্রমে আরো জানান যে, মুজিববর্ষের প্রদানকৃত ঘরে বসবাসকারীদের নিয়ে সমিতি গঠনের নির্দেশনা এসেছে। এ কাজের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের সার্বিক সহযোগিতা কামনা করেন। | সমিতির কার্যপরিধি এবং সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সার্বিক পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, বেকার যুব/যুব মহিলাদের অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ ২য়, ৩য় ব্যাচের প্রশিক্ষণ ফেব্রুয়ারি/২৩ মাসে সম্পন্ন হবে। এছাড়া ঋণ কার্যক্রমের আওতায় ৯৪% ক্রমপুঞ্জিভুত আদায় হয়েছে। এছাড়া দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | প্রশিক্ষণ আরো যুগোপযোগী করার লক্ষ্যে প্রচেষ্টা চালানোর জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৬ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরে বারায়নপুর রেলগেট হতে রামদিয়া বাজার হয়ে গান্ধিমারা অভিমুখে রাস্তার খাড়াগাছ সরকারি নীতিমালা অনুসারে টেন্ডারের মাধ্যমে বিক্রয় প্রক্রিয়াধীন আছে। অবৈধ করাত কলের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। ০২(দুই)টি করাত কলে ১৩,০০০/- (তের হাজার) টাকা জরিমানা করা হয়েছে। নিয়মিত মামলা দায়ের প্রক্রিয়াধীন। | অবৈধ করাতকলের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার বিষয়টি অব্যহত রাখার জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে ২য় কিস্তিতে কাবিটা বরাদ্দ প্রাপ্ত ৪৪,৫৩,৪১১/৯২ টাকা এবং ২য় কিস্তিতে টি,আর বরাদ্দ প্রাপ্ত ১৭,৮৮,৭৫৩/৩৩ টাকার বিভাজনের মিটিং হয়েছে। বরাদ্দকৃত উক্ত অর্থসমূহের বিপরীতে প্রকল্প গ্রহণ প্রক্রিয়াধীন আছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | গৃহীত প্রকল্পের কার্যক্রম সঠিকভাবে সম্পন্নের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৮ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের সহকারী প্রকৌশলী জানান যে, সমগ্রদেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরের ১৮২ টি গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দের বিপরীতে টেন্ডার প্রক্রিয়া সমাপ্ত হয়েছে এবং চলতি মাসেই কাজ শুরু করা হবে। তিনি আরো জানান যে, ১০টি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াস ব্লকের কাজ চলমান রয়েছে। টিউবওয়েলের পানির আর্সেনিক পরীক্ষা করার জন্য প্রতি ইউনিয়ন হতে ০১ | সিডিউল মোতাবেক বিভাজনকৃত নলকূপসমূহের বিপরীতে দ্রুত কার্যক্রম গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জন লোক নিয়োগের জন্য ইউনিয়ন পরিষদে তালিকা চাওয়া হয়েছে। এছাড়া দাপ্তরিক সকল প্রকার কাজ সুন্দর ও সুষ্ঠভাবে চলমান রয়েছে। | | |
| ১৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | ০১। সভায় উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর জনান যে, রামদিয়া শীতলদা রাস্তার মালেক মৌলভীর বাড়ির সামনের খালে কালভার্ট নির্মাণ কাজের চূড়ান্ত বিল পরিশোধ করা হয়েছে। এছাড়া সোনাপুর বাজারের ড্রেন নির্মাণ কাজ যথাসময়ে সমাপ্ত করার জন্য ঠিকাদারী প্রতিষ্ঠানকে বারবার মৌখিকভাবে বলার পরেও কাজটি অদ্যবধি শেষ হয়নি। তিনি আরো জানান যে, কাজটি দ্রুত সমাপ্ত করে আগামী ২৮/০২/২০২৩ খ্রি. তারিখের মধ্যে বিল প্রেরণ করতে হবে । এবিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা চেয়ারম্যান মহোদয় যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন। | ০১। আগামী ২৮/০২/২০২৩ খ্রি. তারিখের পূর্বেই সোনাপুর বাজারের ড্রেন নির্মাণ কাজ শেষ করার নিমিত্তে ঠিকাদারকে পত্র দেওয়ার জন্য উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ-কে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর (ইউডিএফ) |
| | | ০২। সভায় উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর আরো জনান যে, উপজেলা পরিষদের ৬ষ্ঠ মূল্যায়ন কার্যক্রম ওয়েবপোর্টাল বিশ্লেষণের মাধ্যমে চলমান রয়েছে। এ কার্যক্রমে সহযোগিতা করার জন্য ভাইস চেয়ারম্যান মহোদয়সহ সংশ্লিস্ট সকল দপ্তর প্রধানকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া উপজেলা পরিষদের গর্ভানেন্স কার্যক্রম আরো গতিশীল করার জন্য স্থায়ী কমিটি সমূহের কার্যবিবরণী, মাসিক সভার কার্যবিবরণীসহ সকল তথ্যাদি ওয়েবপোর্টালে নিয়মিত হালনাগাদ করার জন্য সভায় আলোচনা করা হয় । অন্যান্য সকল দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবেই চলছে। | ২। উপজেলা পরিষদের গর্ভানেন্স কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে স্থায়ী কমিটিসমূহ এবং মাসিক সভার কার্যবিবরণী নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করে ওয়েবপোর্টালে নিয়মিত হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও ভাইস চেয়ারম্যানদ্বয় |
| ২০ | তথ্যকেন্দ্র | তথ্যসেবা কর্মকর্তা জানান জানুয়ারি/২০২৩ মাসে তথ্যকেন্দ্র থেকে ডোর টু ডোর, তথ্যকেন্দ্র ও উঠান বৈঠকের মাধ্যমে ৪৫০ জন নারীদেরকে শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, জেন্ডার, কৃষি সংক্রান্ত তথ্যসেবা ও অনলাইনে চাকরির আবেদন ও তথ্যপ্রযুক্ত ভিত্তিক সেবা প্রদান করা হয়েছে। এছাড়া তথ্যকেন্দ্রের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উঠান বৈঠকের মাধ্যমে নারীদেরকে শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা ইত্যাদি বিষয়ে সচেতন করার লক্ষ্যে কাজ করার জন্য তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা |
| ২১ | বিবিধ | # চেয়ারম্যান,বালিয়াকান্দি ইউনিয়ন পরিষদ ১) বালিয়াকান্দি সদর ইউপি রাস্তা সংস্কার, ২) বাদশা মন্ডল বাড়ীর সামনে কালভার্ট নির্মাণ এবং ৩) নিশ্চিন্তপুর সরদার বাড়ীর সামনে কালভার্ট সংস্কারের বিষয়ে সভায় গুরুত্বারোপ করেন।<br># চেয়ারম্যান, জামালপুর ইউনিয়ন পরিষদ জানান যে, দীর্ঘ দিন যাবৎ জামালপুর বাজারের ড্রেনসহ বাজারের বিভিন্ন জায়গায় বৃষ্টির কারণে অপরিস্কার হয়ে পড়েছে। সংশ্লিষ্ট ইজারাদারকে বার বার বলা সত্ত্বেও পরিস্কার করছেন না বিধায় ইজারাদারের জমাকৃত ৫% অর্থ হতে সরকারিভাবে পরিস্কারে জন্য সভায় অনুরোধ জানান।<br># চেয়ারম্যান,বহরপুর ইউনিয়ন পরিষদ জানান যে, আড়কান্দি থেকে বারুগ্রাম রাস্তাটি ২০ বছর আগের নির্মাণ করা হেতু বর্তমানে যাতায়াতের সম্পূর্ণ অযোগ্য হয়ে পড়েছে। উক্ত রাস্তা সংস্কারের আশু প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়া সমাজসেবা অফিসের সুদমুক্ত ঋণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন।<br># চেয়ারম্যান, জংগল ইউনিয়ন পরিষদ জানান যে, জঙ্গল ইউনিয়ন পরিষদের পাশে একটি খাস জায়গা রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী শিশুদের শারীরিক ও মানুসিক বিকাশের জন্য একটি শিশুপার্ক করা প্রয়োজন । কিন্তু উক্ত জায়গার মধ্যে অবৈধ স্থাপনা/ঘর টি জরুরী ভিত্তিতে উচ্ছেদ করা প্রয়োজন।<br># চেয়ারম্যান, নারুয়া ইউনিয়ন পরিষদ সোনাকান্দর হক মাষ্টারের বাড়ী হতে চাপলবাঘা পাকা রাস্তা পর্যন্ত ইটের রাস্তা সংস্কার এবং বাওরদাহ আনন্দর বাড়ীর পিছন থেকে কোনাকান্দর মালেকের বাড়ীর পিছন দিয়ে নদী বাঞ্জন রোধে জরুরী ভিত্তিতে জিও ব্যাগ ফেলানো অতীব জরুরী মর্মে আলোচনা করেন। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | বিবিধ | # চেয়ারম্যান, নবাবপুর ইউনিয়ন পরিষদ প্রথমেই প্রকৃত পশুপালনকারীদের সেবা প্রদানের জন্য প্রাণিসম্পদ কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী নবাবপুর ইউনিয়নের তেকাঠি গ্রামে পারিবারিক কোন্দলে প্রায় ২০০ শতাংশ অনাবাদি থাকায় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। সোনাপুর সরকার বাড়ির রাস্তাটা ভেঙ্গে পুকুরের মধ্যে চলে যাওয়ায় প্যালাসাইটিং ও মাটি দিয়ে রাস্তা সংস্কার করা প্রয়োজন মর্মে জানান। এছাড়া ইন্দরদী আশ্রয়ণ প্রকল্পে ২৪টি পরিবারের জন্য ০১টি মাত্র টিউবয়েল বিধায় আরো টিউবয়েল বৃদ্ধির জন্য অনুরোধ করেন। পরিশেষে তার নিজ ইউনিয়নের মধ্যে সরকারি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে বাস্তবায়নাধীন প্রকল্প সম্পর্কে পূর্ব অবহিত করার জন্য সভাপতি মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>পরিশেষে উপজেলা চেয়ারম্যান জানান যে, আজকের সভায় মাধ্যমে বালিয়াকান্দি উপজেলার বেশ গুরুত্বপূর্ণ সমস্যাদি নিয়ে খুবই প্রাণবন্ত আলোচনা হয়েছে। রাস্তা ঘাট, সরকারি ভৌত অবকাঠামোসহ বিভিন্ন ক্ষেত্রে উন্নয়নের ধারাবাহিকতা অব্যহত রাখার জন্য এবং সকল বিভাগের সার্বিক সহযোগিতা কামনা তার বক্তব্য শেষ করেন। | বিভিন্ন পর্যায়ের সরকারি বরাদ্দ দ্বারা উত্থাপিত প্রকল্পসমূহ অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৯/২/২৩

মোঃ আবুল কালাম আজাদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
বালিয়াকান্দি, রাজবাড়ী।

স্মারক নং-০৫.৩০.৮২০৭.০০৩.০৬.০০২.১৪- ২২৬ (৩২)

তারিখ: ০৯ জানুয়ারি ২০২৩ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-০২
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে

০৫-০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী
০০-২৪। উপজেলা ......................কর্মকর্তা/ প্রকৌশলী, বালিয়াকান্দি, রাজবাড়ী
২৫-৩১। চেয়ারম্যান ......................(সকল) ইউনিয়ন, বালিয়াকান্দি, রাজবাড়ী
৩২। অফিস কপি

রফিকুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াকান্দি, রাজবাড়ী।

পরিশিষ্ট-'ক'

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: আবুল কালাম আজাদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ০২ | জনাব মোঃ মনিরুজ্জামান মনির | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৩ | বেগম খোদেজা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব আহম্মদ আলী | চেয়ারম্যান, ইসলামপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ রেজাউল করিম | চেয়ারম্যান, বহরপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মোঃ বাদশা আলমগীর | চেয়ারম্যান, নবাবপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মোঃ জহুরুল ইসলাম | চেয়ারম্যান, নারুয়া ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মোঃ আলমগীর বিশ্বাস | চেয়ারম্যান, বালিয়াকান্দি ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব এ. কে. এম ফরিদ হোসেন | চেয়ারম্যান, জামালপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ১০ | জনাব কল্লোল বসু | চেয়ারম্যান, জংগল ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ১১ | জনাব ডা: সজল কুমার সোম | মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর | স্বাক্ষরিত |
| ১২ | জনাব ডা. হাফিজুর রহমান | উপজেলা ভেটেরিনারি সার্জন | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মোঃ হাসানুজ্জামান | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মোঃ আবদুল মান্নাফ | উপজেলা মৎস্য কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব মোঃ আশরাফুল হক | উপজেলা শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব জহুরুল ইসলাম | উপ-সহকারী প্রকৌশলী | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব পারমিস সুলতানা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব অজয় কুমার হালদার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব জাহিদুর রহমান | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২০ | জনাব নাসরিন সুলতানা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২১ | জনাব আফরোজা জেসমিন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২২ | জনাব এস এম খায়রুল আলম | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (ভারপ্রাপ্ত) | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব মোঃ নজরুল ইসলাম | উপজেলা সমবায় অফিসার | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব মোঃ রেজাউল করিম | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব মোঃ আজিজুল হক | উপজেলা বন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব কামরুন্নহার | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব নাজিউর রহমান | ইউডিএফ, ইউডিজিপি | স্বাক্ষরিত |

অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-খ)

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| - | জনাব মুহাম্মাদ মাহমুদ হাসান খান | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |